

গার্লস গাইডের বিশ্বচিন্তা দিবস

ঢাকা ২২ ফেব্রুয়ারি ২০২০

নারীকে তার চারপাশের দেয়াল ভেঙে নিজের অন্তর্নিহিত শক্তির বহিঃপ্রকাশ ঘটাতে হবে

শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি এমপি

শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন একজন মেয়ে শিশু অনেক প্রতিবন্ধকতার মধ্য দিয়ে বেড়ে উঠে। এ সকল প্রতিবন্ধকতার দেয়াল ভেঙে নারীকে তার আত্ম শক্তিতে বলিয়ান হতে হবে। একজন নারী ও পুরুষের মধ্যে শারীরিক, মানসিক ও দৃষ্টিভংগিতে অনেক ভিন্নতা আছে। এ ভিন্নতাকে শক্তি হিসেবে কাজে লাগিয়ে জাতীয় উন্নয়নকে ত্বরান্বিত করতে হবে। যখন অনেক মানুষ একসাথে কাজ করে তখন কোন শক্তিই তাদের রুখতে পারে না। কারণ সকল ভিন্নতা বা বৈচিত্র্য এর মধ্যে একধরনের শক্তি রয়েছে। তিনি আজ সকালে রাজধানীর বেইলী রোডে গার্লস গাইড বাংলাদেশ আয়োজিত বিশ্ব চিন্তা দিবস ও প্রতিজ্ঞা গ্রহন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

গার্লস গাইডের জাতীয় কমিশনার ও সরকারের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেসার সভাপতিত্বে এই সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের সচিব মুনশী শাহাবুদ্দীন আহমেদ।

মন্ত্রী আর ও বলেন আমরা নারী ও পুরুষের মধ্যে ন্যায় সংগত সমতা চাই।

মুনশী শাহাবুদ্দীন আহমেদ বলেন ট্রেন চলতে হলে যেমন দুইটি লাইন সমান্তরাল ভাবে চলা জরুরী তেমনি জাতীয় উন্নয়নে নারী পুরুষের সমান্তরালভাবে চলা খুবই জরুরী।

অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেসা বলেন সংখ্যাগত নয় মানসম্মত গাইড আমরা চাই।

তিনি বলেন গার্লস গাইড নারীর ক্ষমতায়ন, নারীর উন্নয়ন, পরিবেশের ভারসাম্য রক্ষা করা, বাল্য বিবাহ প্রতিরোধসহ সমাজ সচেতনতা মূলক অনেক কাজ করে। তাছাড়া তাদের দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ও পাস কোর্সে রেঞ্জার কোর্স চালু করার ব্যবস্থা করার তিনি আহ্বান জানান।

মোহাম্মদ আবুল খায়ের

জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮